NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)

স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রয়োগ
পরীক্ষা পদ্ধতি

এটি <u>শুধুমাত্র</u> পরীক্ষা পদ্ধতিগুলোর একটি সংক্ষিপ্তসার। আরো নির্দিষ্টভাবে পরীক্ষায় কী কী কাজ করতে হতে পারে তা জানতে, অনুগ্রহ করে অনলাইনে থাকা *স্বাভাবিক চুলের স্টাইলিং করার ব্যবহারিক পরীক্ষা পদ্ধতির কার্য তালিকাটি* দেখুন।

আপনাকে পরীক্ষায় যেসব প্রক্রিয়া বা ধাপগুলো করতে বলা হবে তার বর্ণনা নিচে দেওয়া হলো।

আপনাকে নির্দেশনা দেওয়া হবে এবং এই পরীক্ষার প্রতিটি অংশের জন্য কতটা সময় দেওয়া হবে সেটারও ঘোষণা করা হবে। নির্দেশ না দেওয়া পর্যন্ত কোনো কাজ শুরু করবেন না। প্রার্থীদের মধ্যে কথা বলা অনুমোদিত নয়।

আপনাকে এই কাজগুলো ম্যানিকিনে করে দেখাতে হবে (লাইভ মডেল ব্যবহার করা যাবে না)। ম্যানেকিনের ত্বক ও চুল পরিষ্কার থাকতে হবে এবং চুলের দৈর্ঘ্য (মাথার শীর্ষস্থানে) কমপক্ষে চার ইঞ্চি হতে হবে। দ্রষ্টব্য: ম্যানিকিনে স্ন্যাপ-অন চুল (চাপ দিয়ে লাগানো) বা যেকোনো ধরণের চুল যা ম্যানিকিনে আটকে দিতে হয়, তা ব্যবহার করা যাবে না। পরীক্ষার জন্য, আপনার ম্যানিকিনকেই একই ক্লায়েন্ট হিসাবে ধরা হতে পারে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: এই পরীক্ষার প্রতিটি ধাপে নিউ ইয়র্ক স্টেটের সৌন্দর্য বৃদ্ধি সংক্রান্ত আইন ও নিয়ম অনুযায়ী সঠিক পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ পদ্ধতি প্রদর্শন করা বাধ্যতামূলক।

পার্ট I - কাজের জায়গা ও ম্যানিকিন প্রস্তুতকরণ (15 মিনিট)

শুরু করার নির্দেশ পেলে, আপনাকে নিচের কাজগুলো করতে বলা হবে:

ধাপ 1: আপনার কিট থেকে আগেভাগে মিশ্রিত সারফেস স্যানিটাইজিং সলিউশন এবং সম্পর্কিত সামগ্রিগুলিকে সরিয়ে ফেলুন।
এবং নির্ধারিত পদ্ধতি অনুসারে আপনার কাজের জায়গাটি স্যানিটাইজ করুন। নিশ্চিত করুন
এই সময় আপনার কাজের জায়গায় ডিসপোজেবল জিনিসপত্র রাখার জন্য একটি প্লাস্টিক ব্যাগ লাগানো আছে।

ধাপ 2: পরে ব্যবহৃত জিনিসপত্র ডুবিয়ে জীবাণুমুক্ত করার জন্য আপনার ডিসইনফেক্ট্যান্ট ট্রে/কন্টেইনার সাজিয়ে নিন।

ধাপ 3: পরীক্ষার সময় প্রয়োজনীয় সাধারণ সরঞ্জাম এবং হেয়ারকাটিং টেকনিকের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র গুলো সাজিয়ে নিন। এই সময় আপনার রক্তের সংক্রমণের জন্য ব্যবহৃত কন্টেইনারটিও ঠিক মতো সাজিয়ে রাখুন।

ধাপ 4: আপনার হাত স্যানিটাইজ করুন এবং কাউন্টারটপ ক্ল্যাম্প দিয়ে ম্যানিকিনকে কাজের জায়গায় ঠিকমতো আটকে দিন; ম্যানিক্যানের ওপর ঢাকনা দিন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করুন।

পরীক্ষক আপনার কাজের জায়গাটি পরীক্ষা করার পরে, আপনি কেবলমাত্র নির্দেশ পেলে প্রতিটি পরীক্ষার ধাপ শুরু করবেন। যদি প্রয়োজন হয়, পরীক্ষা নিচে দেওয়া ক্রম থেকে ভিন্ন কোনো ক্রমে পরিচালিত হতে পারে।

পার্ট II - লকিং (চুলে লক তৈরি করা) (30 মিনিট)

পরীক্ষক আপনার কাজের জায়গা এবং ম্যানিকিন পরীক্ষা করার পরে এবং আপনাকে এগোতে নির্দেশ দিলে, তখনই পরীক্ষার লকিং অংশ শুরু করবেন।

আপনাকে তিনটি ভিন্ন ধরনের লকিং পদ্ধতি প্রদর্শন করতে হবে: কম্ব মেথড, টু-স্ট্র্যান্ড টুইস্ট মেথড, এবং পাম রোলিং। প্রত্যেকটি মেথড বা পদ্ধতিতে ছয়টি করে লক সম্পূর্ণ করতে হবে। এই কাজটি মাথার শীর্ষস্থল (টপনট) এলাকায় করতে হবে।

পার্ট III - ব্রেডিং (চুলে বেনী বা বিনুনি তৈরি করা) (30 মিনিট)

পরীক্ষক আপনার লকিং ফলাফল পরীক্ষা করার পরে এবং আপনাকে এগোতে বললে, তখনই ব্রেইডিং শুরু করবেন। আপনাকে তিন ধরনের বিনুনি প্রদর্শন করতে হবে: মাথার এক পাশে তিনটি বড় কোসামাস বিনুনি (1½ - 2 ইঞ্চি ব্যাসের) এবং অন্য পাশে তিনটি ছোট বিনুনি (1/16 - 1/8 ইঞ্চি ব্যাসের) ও তিনটি মাঝারি বিনুনি (1/4 - 1/2 ইঞ্চি ব্যাসের)। তির্যক পার্টিং এবং উল্লম্ব সাবসেকশন ব্যবহার করা উচিত।

পার্ট IV ও V - কর্নরো বানানো (30 মিনিট) এবং উইভ লাগানো (30 মিনিট)

পরীক্ষক আপনার ব্রেইড সম্পন্ন হয়েছে কি না তা দেখে অনুমতি দিলে, আপনি মাথার এক পাশে পাঁচটি খাড়া কর্নরো তৈরি করা শুরু করবেন। কর্নরোতে এক্সটেনশন চুল যোগ করা উচিত।

যখন আপনি পাঁচটি খাড়া কর্নরো বানানো শেষ করবেন, তখন মাথার অন্য পাশের অতিরিক্ত চুল একটি উপযুক্ত ক্লিপ দিয়ে সরিয়ে রাখুন এবং নিচের ক্রাউন অংশে এক্সটেনশন চুল দিয়ে একটি অনুভূমিক কর্নরো তৈরি করুন। তারপর সেই কর্নরোর ওপর উইভ বুনুন।

কাজের জায়গা পরিস্কার করা:

উইভের কাজ শেষ হলে এবং পরীক্ষক আপনাকে নির্দেশ দিলে, আপনার কাজের জায়গা পরিষ্কার করুন এবং সব সরঞ্জাম গুছিয়ে নিন। কখন আপনি আপনার কাজের জায়গা ছেড়ে যেতে পারেন তা আপনাকে জানানো হবে অন্য কোনও নির্দেশনা না দিলে, পরীক্ষার কক্ষ থেকে বের হওয়ার সময় আপনার ব্যাগ ভর্তি ডিসপোজেবল বা একবার ব্যবহার করে ফেলে দেওয়ার মতো সামগ্রীগুলিকে ফেলে দেওয়ার অনুমতি দেওয়া হবে।

স্বাভাবিক চুলের স্টাইলিং য় করার প্রায়োগিক পরীক্ষা প্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ (04/2025)